যুগান্তর

APR. 27 2007

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২৬ কলাম ...

# আলিয়া মাদ্রাসা হোস্টেলে ছাত্রদল-ছাত্রশিবির হাতাহাতি মারামারি

**যুগান্তর রিপোর্ট**

পুরনো ঢাকার বকশীবাজার আলিয়া মাদ্রাসার হোস্টেলের টেলিভিশন কক্ষে বসা নিয়ে ছাত্রদল ও ছাত্রশিবির কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া হয়েছে। কোন হতাহতের ঘটনা ঘটেনি। ১৫/২০ মিনিট স্থায়ী এ ঘটনায় ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরে পুলিশ ও নেতৃবৃন্দের সহায়তায় পরিস্থিতি শান্ত হয়। সংশ্লিষ্ট সূত্র জানায়, বিকাল সাড়ে ৪টার দিকে টেলিভিশন কক্ষে বসা নিয়ে এক ছাত্রদল কর্মীর সঙ্গে ছাত্রশিবিরের এক কর্মীর বাদানুবাদ ও হাতাহাতি হয়। এ নিয়ে হোস্টেলে বসবাসকারী ছাত্রদল ও শিবির কর্মীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। দু'পক্ষই লাঠিসোঁটা নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়। সংবাদ পেয়ে লালবাগ থানার ওসি সাইদ আহম্মেদ দ্রুত পুলিশ নিয়ে ঘটনাস্থলে ছুটে যান। পুলিশ ছাত্রদল ও শিবির নেতৃবৃন্দের সহায়তায় দু'পক্ষকে ডেকে আপোষ মীমাংসা করে দেন।